



## র্যাবের নাম বদলে স্পেশাল ইন্টারভেনশন ফোর্স অনুমোদন



ছবি: সংগৃহীত

র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাবের নাম বদলে রাখা হচ্ছে ‘স্পেশাল ইন্টারভেনশন ফোর্স’ এসআইএফ। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এ প্রস্তাবে সম্মতি দিয়েছেন। আদেশ জারির পর থেকেই ইউনিটটি নতুন নামেই কার্যক্রম চালাবে।

মঙ্গলবার সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির বৈঠক শেষে এ তথ্য জানান স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল অবসরপ্রাপ্ত মো. জাহাঙ্গীর আলম চৌধুরী।

তিনি বলেন, শুধু নাম নয়, ইউনিটের পোশাকেও পরিবর্তন আসছে। নতুন পোশাক প্রস্তুতের কাজ শুরু হয়েছে। আগামী সপ্তাহেই সদস্যদের সেই পোশাকে দেখা যেতে পারে।

স্বরাষ্ট্র উপদেষ্টার ভাষ্য, গত দেড় বছরে ইউনিটটির কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন এসেছে। তাই নতুন পরিচয়ে সামনে আনা হচ্ছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গণিও বলেন, ‘র‍্যাব’ নাম নিয়ে জনমনে নেতিবাচক ধারণা ছিল।

ত্রিফিংয়ে নির্বাচন প্রসঙ্গও উঠে আসে। জাহাঙ্গীর আলম চৌধুরী জানান, আইনশৃঙ্খলা বাহিনীর সক্ষমতা এখন অনেক বেশি। ফলে আসন্ন নির্বাচন সুষ্ঠু, গ্রহণযোগ্য ও উৎসবমুখর পরিবেশেই সম্পন্ন হবে।